# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 30 June, 2025

ফিফা ক্লাব বিশ্বকাপের শেষ ষোলোতেই থেমে গেল ইন্টার মায়ামির পথচলা। সাবেক ক্লাব পিএসজির বিপক্ষে ৪-০ গোলের বড় হারে বিদায় নিলেন লিওনেল মেসির দল। আটালান্তার মার্সিডিজ বেঞ্জ স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে ইউরোপ চ্যাম্পিয়নদের বিপক্ষে মায়ামির কোনো জবাব ছিল না।

ম্যাচ শেষে আর্জেন্টাইন তারকা মেসি বলেন, "ম্যাচটি যেমন আশা করেছিলাম, ঠিক তেমনই হয়েছে। পিএসজি খুবই শক্তিশালী দল।' যদিও গ্রুপপর্বে পালমেইরাসের বিপক্ষে ২-০ তে এগিয়ে থেকেও ২-২ সমতায় আটকে যাওয়াই পিএসজির মতো প্রতিপক্ষের মুখোমুখি হতে বাধ্য করেছে মায়ামিকে।

মেসির মতে, “শেষ মুহূর্তে ড্রটা খারাপ লেগেছে, তবে আমরা প্রতিদ্বন্দ্বিতা করেছি। এখন সামনে তাকানোর সময়।”

ফিফা ক্লাব বিশ্বকাপ মেসি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 01 July, 2025 02:27

URL: https://www.timestodaybd.com/sports/3944775807